গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৮০/২০১৯-২০২০
ঢাকা, ১৫ অক্টোবর মঙ্গলবার ২০১৯, ৩০ আশ্বিন ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সন্ত্রাস চাঁদাবাজি মাদকের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হতে হবে : কিশোরগঞ্জে রাষ্ট্রপতি
২। আপনাদের সান্ত্বনা জানানোর ভাষা আমার জানা নেই : গণভবনে আবরারের বাবা-মাকে প্রধানমন্ত্রী
খুনিদের বিচার দ্রুত করার জন্য আইনমন্ত্রীকে নির্দেশ
৩। প্রকৌশল গবেষণা কাউন্সিল, বাংলাদেশ বাতিঘর
ও পারমাণবিক বর্জ্য ব্যবস্থাপনা নীতির খসড়া চূড়ান্ত অনুমোদন মন্ত্রিসভায়
৪। ময়মনসিংহ-গফরগাঁও-টোক সড়কের বানার সেতু আগামীকাল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৫। মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠায় পার্লামেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে :
বেলগ্রেডে আইপিইউ সম্মেলনে স্পিকার
৬। স্পিকারের সঙ্গে আলজেরিয়ার পার্লামেন্ট প্রেসিডেন্টের বৈঠক : দ্বিপক্ষীয় বিষয়ে আলোচনা
৭। পেঁয়াজের বাজার শীঘ্রই স্বাভাবিক হবে : বাণিজ্যমন্ত্রী
৮। অর্থনীতিকে এগিয়ে নেবে উদ্ভাবনী প্রযুক্তি : ডিজিটাল ডিভাইস মেলা উদ্বোধনকালে পররাষ্ট্রমন্ত্রী
৯। পণ্য ও সেবার গুণগত মান সুরক্ষায় কঠোর বার্তা শিল্পমন্ত্রীর
১০। প্রতিবছর ৪ ডিসেম্বর পালিত হবে জাতীয় বস্ত্র দিবস : পাটমন্ত্রী
১১। উন্নত বাংলাদেশের চালকের আসনে থাকবে আজকের শিশু : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী
১২। লাইসেন্সকৃত অস্ত্র বেহাত করলে লাইসেন্স বাতিল হবে : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন
১৩। টেকসই অর্থায়নে এগিয়ে বাংলাদেশ : আইএফসির প্রতিবেদন
১৪। সাংবাদিক দিল মনোয়ারা মনুর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

চলমান পাতা



১। সন্ত্রাস চাঁদাবাজি মাদকের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হতে হবে : কিশোরগঞ্জে রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সরকারের চলমান অনিয়ম ও দুর্নীতিবিরোধী অভিযানকে স্বাগত জানিয়ে বলেছেন, এলাকায় সন্ত্রাস-চাঁদাবাজি ও মাদক বিক্রি-ব্যবহার রোধে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। তিনি এসবের বিরুদ্ধে দলমত নির্বিশেষে সকলকে সতর্ক দৃষ্টি রাখতে বলেন। পাশাপাশি দুর্নীতিবাজ ও মাদক কারবারিদের বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেন। এ সময় তিনি বিভিন্ন উন্নয়নের অনিয়ম রোধে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব নিয়ে সঠিকভাবে তদারকি করার পরামর্শ দিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল (১৪ অক্টোবর সোমবার) কিশোরগঞ্জ জেলায় সপ্তাহব্যাপী সফরের ৬ষ্ঠ দিনে জেলার হাওড় উপজেলা অষ্টগ্রামে আয়োজিত এক সুধী সমাবেশে এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

২। **আপনাদের সান্ত্বনা জানানোর ভাষা আমার জানা নেই : গণভবনে আবরারের বাবা-মাকে প্রধানমন্ত্রী**
**খুনিদের বিচার দ্রুত করার জন্য আইনমন্ত্রীকে নির্দেশ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বুয়েট ছাত্র আবরার ফাহাদ হত্যার বিচার দ্রুত শেষ করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য আইনমন্ত্রীকে নির্দেশ দিয়েছেন। গতকাল (১৪ অক্টোবর সোমবার) আবরারের বাবা-মা ও ছোট ভাই গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করতে গেলে তিনি বলেন, কোনো সান্ত্বনাই আপনাদের কষ্ট কমাতে যথেষ্ট নয়। আপনাদের সান্ত্বনা জানানোর ভাষা আমার জানা নেই। প্রধানমন্ত্রী বলেন, এ ঘটনায় কাউকে ছাড় দেওয়া হবে না। খুনিদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা হবে। দলের পরিচয় দিয়ে কোনো অপরাধীই রক্ষা পাবে না। আবরারের মা প্রধানমন্ত্রীকে মায়ের আসনে থেকে ঘটনার পর হত্যাকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ায় তাঁর প্রতি কৃতজ্ঞতা জানান। তারা প্রশাসন ও দেশবাসীর প্রতিও কৃতজ্ঞতা জানান। প্রধানমন্ত্রী বলেন, আবরার হত্যার পর সরকার তড়িৎ ব্যবস্থা নিয়ে খুনিদের গ্রেফতার করেছে। তাদের দ্রুত বিচার হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **প্রকৌশল গবেষণা কাউন্সিল, বাংলাদেশ বাতিঘর**
**ও পারমাণবিক বর্জ্য ব্যবস্থাপনা নীতির খসড়া চূড়ান্ত অনুমোদন মন্ত্রিসভায়**

বাংলাদেশ প্রকৌশল গবেষণা কাউন্সিল আইন, ২০১৯' এবং 'বাংলাদেশ বাতিঘর আইন, ২০১৯' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এছাড়া পারমাণবিক বর্জ্য ব্যবস্থাপনা নীতির খসড়ারও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (১৪ অক্টোবর সোমবার) রাজধানীর তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। এছাড়া বহির্বিশ্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গুরুত্বপূর্ণ সাম্প্রতিক অর্জন, তাঁর মেয়ে সায়মা ওয়াজেদ হোসেন বৈশ্বিক মানসিক স্বাস্থ্যে উদ্ভাবনী নারী নেতৃত্বের ১০০ জনের তালিকায় স্থান পাওয়া ও ভাগ্নি টিউলিপ রেজওয়ানা সিদ্দিক লন্ডনে সবচেয়ে প্রভাবশালী রাজনীতিবিদদের তালিকায় অন্তর্ভুক্ত হওয়ায় তাদের অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

৪। **ময়মনসিংহ-গফরগাঁও-টোক সড়কের বানার সেতু আগামীকাল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

ময়মনসিংহ-গফরগাঁও-টোক সড়কের ডাকবাংলো ঘাটে সড়ক ও জনপথ বিভাগের উদ্যোগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিশ্রুত বানার নদীর ওপর বানার সেতুর নির্মাণকাজ শেষ হয়েছে। আগামীকাল (১৬ অক্টোবর বুধবার) সকাল ১০টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে বানার সেতু উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রীর উদ্বোধনের পরপরই সর্বসাধারণের জন্য খুলে দেয়া হবে সেতুটি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.২)।

৫। **মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠায় পার্লামেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে :**
**বেলগ্রেডে আইপিইউ সম্মেলনে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠায় পার্লামেন্টসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক ক্ষেত্রে মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠা ও সুরক্ষায় সংসদীয় কূটনীতির মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা সম্ভব। গতকাল (১৪ অক্টোবর সোমবার) সার্বিয়ার বেলগ্রেডে ১৪১তম আইপিইউ সম্মেলনে 'স্ট্র্যানদেনিং ইন্টারন্যাশনাল : পার্লামেন্টারি রোলস অ্যান্ড মেকানিজম অ্যান্ড দ্য কন্ট্রিবিউশান অভ্ রিজিওনাল কো-অপারেশন' শীর্ষক জেনারেল ডিবেটে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১৪,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।



৬। **স্পিকারের সঙ্গে আলজেরিয়ার পার্লামেন্ট প্রেসিডেন্টের বৈঠক : দ্বিপক্ষীয় বিষয়ে আলোচনা**

সার্বিয়ার রাজধানী বেলগ্রেডে ১৪১তম ইন্টার পার্লামেন্টারী ইউনিয়ন (আইপিইউ) সম্মেলনের উদ্বোধনীতে অংশ নিলেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গত ১৩ অক্টোবর রোববার তিনি এতে অংশ নেন। এদিন একই ভেন্যুতে স্পিকারের সঙ্গে আলজেরিয়া পার্লামেন্টের প্রেসিডেন্ট স্লিমানে চেনাইন বৈঠক করেন। এতে দ্বিপাক্ষিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়, সংসদীয় চর্চা, সংসদীয় মৈত্রী গ্রুপ, বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এবং সন্ত্রাসবাদ নির্মূল নিয়ে আলোচনা হয়েছে। গতকাল (১৪ অক্টোবর সোমবার) ঢাকায় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৭। পেঁয়াজের বাজার শীঘ্রই স্বাভাবিক হবে : বাণিজ্যমন্ত্রী**

চলতি মাসের শেষ দিকে পেঁয়াজ রপ্তানি নিষেধাজ্ঞা ভারত তুলে নিতে পারে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। ফলে পেঁয়াজের বাজার শীঘ্রই স্বাভাবিক হবে বলে আশা করছেন মন্ত্রী। গতকাল (১৪ অক্টোবর সোমবার) সচিবালয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে বস্ত্রখাতের সামগ্রিক বিষয়ে আলোচনা ও 'জাতীয় বস্ত্র দিবস-২০১৯' উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কমিটির সভার আগে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। তিনি বলেন, অন্যদেশ থেকে পেঁয়াজ আমদানির প্রক্রিয়া চলছে। আমরা পেঁয়াজের দাম নিয়ন্ত্রণের আনার চেষ্টা করছি। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪)।

**৮। অর্থনীতিকে এগিয়ে নেবে উদ্ভাবনী প্রযুক্তি : ডিজিটাল ডিভাইস মেলা উদ্বোধনে পররাষ্ট্রমন্ত্রী**

বিশ্বব্যাংকের তথ্য অনুযায়ী বাংলাদেশ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দ্রুততম অর্থনীতির একটি দেশ। জাতিসংঘ বলছে, বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে গত দশ বছরে ৪০ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। প্রবৃদ্ধির এ ধারা বজায় রাখার পাশাপাশি দেশের অর্থনীতিকে এগিয়ে নিতে তরুণদের নিজস্ব প্রযুক্তি উদ্ভাবনের আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (১৪ অক্টোবর সোমবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে তথ্যপ্রযুক্তি প্রদর্শনী 'ডিজিটাল ডিভাইস অ্যান্ড ইনোভেশন এক্সপো ২০১৯'-এর উদ্বোধন অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৯। পণ্য ও সেবার গুণগত মান সুরক্ষায় কঠোর বার্তা শিল্পমন্ত্রীর**

পণ্য ও সেবার গুণগত মান সুরক্ষা ও উন্নয়নে দায়িত্বে অবহেলা করলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, এ ক্ষেত্রে কোনো ধরনের শৈথিল্য কিংবা দায়িত্বহীনতা সরকার মেনে নেবে না। গতকাল (১৪ অক্টোবর সোমবার) রাজধানীর তেজগাঁওয়ে বিএসটিআই'র প্রধান কার্যালয়ে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) আয়োজিত বিশ্ব মান দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী এসব কথা বলেন। শিল্পমন্ত্রী বলেন, বিএসটিআই'র আধুনিকায়ন ও সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় আইন, নীতি ও বিধি প্রণয়ন করেছে সরকার। এর পাশাপাশি প্রতিষ্ঠানটির কর্মক্ষেত্র সম্প্রসারণে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। বিএসটিআই'র সেবা উপজেলা পর্যায়ে সম্প্রসারণ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.২)।

**১০। প্রতিবছর ৪ ডিসেম্বর পালিত হবে জাতীয় বস্ত্র দিবস : পাটমন্ত্রী**

প্রতি বছর ৪ ডিসেম্বরকে জাতীয় বস্ত্র দিবস হিসেবে পালনের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন দেয়া হয়েছে। পরিপ্রেক্ষিতে গতকাল (১৪ অক্টোবর সোমবার) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে দিবসটি পালনের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় বস্ত্র ও পাট মন্ত্রী গোলাম দস্তগীর গাজী বলেছেন, বস্ত্রখাতের সঙ্গে সংশ্লিষ্ট সব অংশীজনের সমন্বিত অংশগ্রহণে বস্ত্র দিবস-২০১৯ সফলভাবে পালন করা হবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**১১। উন্নত বাংলাদেশের চালকের আসনে থাকবে আজকের শিশু : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা বলেছেন, শিশুরা বড় হয়ে দেশের নেতৃত্ব দেবে। উন্নত বাংলাদেশের চালকের আসনে থাকবে আজকের শিশুরাই। শিশুদের অধিকার ও সুরক্ষা শুধু শিশু সপ্তাহের মধ্যে সীমাবদ্ধ থাকবে না। গতকাল (১৪ অক্টোবর সোমবার) রাজধানীর বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ-২০১৯ এর সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এ বছর দিবসের প্রতিপাদ্য ছিল, 'আজকের শিশু আনবে আলো, বিশ্বটাকে রাখবে ভালো'। অনুষ্ঠানে আরও বক্তব্য দেন মহিলা ও শিশুবিষয়ক সচিব কামরুন নাহার। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪)।



**১২। লাইসেন্সকৃত অস্ত্র বেহাত করলে লাইসেন্স বাতিল হবে : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন**

নিজ নামের লাইসেন্সকৃত অস্ত্র বেহাত করলে অস্ত্রের লাইসেন্স তাৎক্ষণিকভাবে বাতিল হবে। আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ লঙ্ঘন করে কোনো ব্যক্তি ব্যক্তিগত নিরাপত্তার জন্য লাইসেন্সপ্রাপ্ত নিজ নামীয় আগ্নেয়াস্ত্র বেসরকারি নিরাপত্তা সংস্থার নিরাপত্তা রক্ষীকে দিয়ে ব্যবহার করলে ঐ লাইসেন্স বাতিল হবে। গতকাল (১৪ অক্টোবর সোমবার) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের এক প্রজ্ঞাপনে এ নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশে টুডে** (শেষ পৃ,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

**১৩। টেকসই অর্থায়নে এগিয়ে বাংলাদেশ : আইএফসির প্রতিবেদন**

টেকসই অর্থায়নে যেসব দেশ খুব ভালো করছে বাংলাদেশ তাদের অন্যতম। সম্প্রতি বিশ্বব্যাংকের সহযোগী সংস্থা ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশনের (আইএফসি) এক প্রতিবেদনে বাংলাদেশের এ অগ্রগতি তুলে ধরা হয়েছে। আইএফসি'র সহায়তাপুষ্ট সাসটেইনেবল ব্যাংকিং নেটওয়ার্ক এ প্রতিবেদন তৈরি করেছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১)।

**১৪। সাংবাদিক দিল মনোয়ারা মনুর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

সাংবাদিক, কলামিস্ট ও পাক্ষিক অনন্যার সাবেক নির্বাহী সম্পাদক দিল মনোয়ারা মুন গত ১৩ অক্টোবর রোববার রাজধানীর ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শেখ হাসিনা গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.১)। **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ভূমি বিষয়ে হটলাইন সেবা চালু হওয়াকে ভালো উদ্যোগ উল্লেখ করে ভূমিসেবা পুরোপুরি ডিজিটাল করতে পারলে ভূমি সমস্যার বৈপ্লবিক পরিবর্তন ঘটবে বলে মতপ্রকাশ।

খ. **ইনকিলাব :** নদীদখল উচ্ছেদে পরিচালিত অভিযান থেমে গেছে উল্লেখ করে জাতীয় প্রয়োজনেই নদী দখল ও দূষণমুক্ত করার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন, সমকাল :** এডুকেশন ওয়াচের গবেষণা প্রতিবেদনে ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত দেশের মাধ্যমিক স্তরে ৩৭ শতাংশের বেশি শিক্ষক বাজারে কেনা নোট-গাইড বইয়ের ওপর নির্ভরশীল এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে শিক্ষকদের এমন নেতিবাচক প্রবণতা থেকে বেরিয়ে আসার কার্যকর উদ্যোগ নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **সমকাল :** আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দেশের বিভিন্ন এলাকা থেকে প্রায় সাতশ' মানবতাবিরোধী অপরাধের অভিযোগ জমা হয়েছে উল্লেখ করে জনবলের অভাবে প্রায় দুই বছর ধরে অভিযোগের অনুসন্ধান ও যাচাই-বাছাইয়ের কাজ বন্ধ থাকায় জনবল সংকট দূর করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** বাংলাদেশসহ সারাবিশ্বে উদ্বেগজনক হারে ক্যান্সার আক্রান্তের সংখ্যা বাড়ছে উল্লেখ করে খাদ্যের ভেজাল ও পরিবেশ দূষণসহ যেসব কারণে ক্যান্সারের ঝুঁকি বাড়ে, সেসব ঝুঁকি এড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** গৃহকর্মীদের সাথে সহানুভূতিশীল ও সদয় ব্যবহার করার আহ্বান।

ছ. **অবজারভার :** দেশের সম্ভাবনাময় পর্যটন শিল্পের বিকাশে নজর দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ছাত্র রাজনীতি বন্ধ না করে এর সংস্কার এবং শৃঙ্খলা ফিরিয়ে আনা সময়োপযোগী পদক্ষেপ হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশুর মানসিক বিকাশে বিদ্যালয় সমাজকর্মীর ভূমিকা'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, আমাদের দেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিশুর পরিপূর্ণ মানসিক ও জ্ঞানগত বিকাশে বিশ্বের উন্নত দেশগুলোর মতোই পেশাদার সমাজকর্মী নিয়োগ দেওয়া প্রয়োজন।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা